**বাংলাদেশ কৃষি ব্যাংক**

**প্রধান কার্যালয়।**

**৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**

**ঋণ আদায় বিভাগ।**

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোন ঃ ০২- ৯৫৬৩১৬৫

Email:dgmrecovery@krishibank.org.bd


প্রকা/আদায়-৮(৫৯)/২০১৮-২০১৯/১২৮০(১২০০) তারিখঃ ২২-০৫-২০১৯ ইং

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়।
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ঘূর্ণিঝড় 'ফণী' পরবর্তী কৃষি খাত পুনর্বাসনের লক্ষ্যে ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ১৯ মে, ২০১৯ তারিখের এসিডি সার্কুলার নং-০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রে সাম্প্রতিককালে ঘূণিঝড় 'ফণী' এর দরুন সৃষ্ট ঝড় ও জলোচ্ছ্বাসে দেশের বেশ কিছু জেলায় **(ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, নেত্রকোণা, লক্ষীপুর, বগুড়া, জয়পুরহাট, সাতক্ষীরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মাদারীপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, বাগেরহাট, খুলনা)** কৃষি খাতে ফসলের ক্ষতি সাধিত হওয়ায় উল্লিখিত ক্ষতিগ্রস্থ এলাকায় কৃষি খাতের পুনর্বাসন কার্যক্রম গ্রহণপূর্বক ক্ষতিগ্রস্থ এলাকার ক্ষতি লাঘবের লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ কার্যক্রমের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

১) ঘূর্ণিঝড়/জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্থ এলাকায় কৃষি ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করতে হবে;

২) ক্ষতিগ্রস্থ এলাকার ক্ষতিগ্রস্থ কৃষকদের নিকট হতে ফসল ঋণ আদায় ০১ (এক) বছরের জন্য স্থগিতকরণসহ ক্ষতিগ্রস্থ কৃষকদের খেলাপী ঋণের জন্য প্রযোজ্য ডাউন পেমেন্টের শর্ত শিথিল করে পুরাতন ঋণ পুনঃতফসিলকরণপূর্বক দ্রুততম সময়ে নতুন ঋণ বিতরণ করতে হবে;

৩) ক্ষতিগ্রস্থ কোন কৃষক যাতে ঋণ পেতে বিলম্ব বা কোনরূপ হয়রানির শিকার না হন, সে লক্ষ্যে ব্যাংকসমূহ যথাযথ তদারকি ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যাংকের বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্থ এলাকায় সরেজমিনে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করবেন;

৪) ক্ষতিগ্রস্ত কৃষকের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যাংক স্বপ্রণোদিতভাবে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কেইস টু কেইস ভিত্তিতে ফসল ঋণের সুদ মওকুফের ব্যবস্থা গ্রহণ করতে পারে;

৫) নতুন করে কোন সার্টিফিকেট মামলা দায়ের না করে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অনাদায়ী ঋণসমূহ তামাদি হওয়া প্রতিবিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দায়েরকৃত সার্টিফিকেট মামলাগুলোর তাগাদা আপাততঃ বন্ধ রেখে সোলেনামার মাধ্যমে মামলা নিষ্পত্তিকরণ;

৬) ফণী'র কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের অনুকূলে কৃষি ঋণ বিতরণসহ অন্যান্য তথ্য বাংলাদেশ ব্যাংকে মাসিক ভিত্তিতে অবহিত করতে হবে।

চলমান পাতা-০২

০৩। এমতাবস্থায়, ঘূর্ণিঝড় 'ফণী' এর দরুন সৃষ্ট ঝড় ও জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্থ উপরোল্লিখিত এলাকাসমূহে বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

**০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৮-২০১৯/১২৮০(১২০০)    তারিখঃ ২২-০৫-২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সংশ্লিষ্ট অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত প্রমোটারবৃন্দ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(পরেশ চন্দ্র সরকার)
উপ-মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

কৃষি ঋণ বিভাগ

০৫ জৈষ্ঠ্য, ১৪২৬

এসিডি সার্কুলার নং-০১ তারিখঃ

১৯ মে, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঘূর্ণিঝড় 'ফণী' পরবর্তী কৃষি খাত পুনর্বাসনের লক্ষ্যে ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

সাম্প্রতিককালে ঘূর্ণিঝড় 'ফণী' এর দরুন সৃষ্ট ঝড় ও জলোচ্ছ্বাসে দেশের বেশ কিছু জেলায় (ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, নেত্রকোণা, লক্ষ্মীপুর, বগুড়া, জয়পুরহাট, সাতক্ষীরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মাদারীপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, বাগেরহাট, খুলনা) কৃষি খাতে ফসলের ক্ষতি সাধিত হয়েছে। এপ্রেক্ষিতে উল্লিখিত ক্ষতিগ্রস্থ এলাকায় কৃষি খাতের পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। ক্ষতিগ্রস্থ এলাকার কৃষকদের ক্ষতি লাঘবের লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ কার্যক্রমের বিষয়ে আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

১) ঘূর্ণিঝড়/জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্থ এলাকায় কৃষি ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করতে হবে;

২) ক্ষতিগ্রস্থ এলাকার ক্ষতিগ্রস্থ কৃষকদের নিকট হতে ফসল ঋণ আদায় ০১ (এক) বছরের জন্য স্থগিতকরণসহ ক্ষতিগ্রস্থ কৃষকদের খেলাপী ঋণের জন্য প্রযোজ্য ডাউন পেমেন্টের শর্ত শিথিল করে পুরাতন ঋণ পুনঃতফসিলকরণপূর্বক দ্রুততম সময়ে নতুন ঋণ বিতরণ করতে হবে;

৩) ক্ষতিগ্রস্থ কোন কৃষক যাতে ঋণ পেতে বিলম্ব বা কোনরূপ হয়রানির শিকার না হন, সে লক্ষ্যে ব্যাংকসমূহ যথাযথ তদারকি ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যাংকের বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্থ এলাকায় সরেজমিনে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করবেন;

৪) ক্ষতিগ্রস্থ কৃষকের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যাংক স্বপ্রণোদিতভাবে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কেইস টু কেইস ভিত্তিতে ফসল ঋণের সুদ মওকুফের ব্যবস্থা গ্রহণ করতে পারে;

৫) নতুন করে কোন সার্টিফিকেট মামলা দায়ের না করে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অনাদায়ী ঋণসমূহ তামাদি হওয়া প্রতিবিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দায়েরকৃত সার্টিফিকেট মামলাগুলোর তাগাদা আপাততঃ বন্ধ রেখে সোলেনামার মাধ্যমে মামলার নিষ্পত্তিকরণ;

৬) ফণী'র কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের অনুকূলে কৃষি ঋণ বিতরণসহ অন্যান্য তথ্য বাংলাদেশ ব্যাংককে মাসিক ভিত্তিতে অবহিত করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হাবিবুর রহমান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩৮